দৈনিক
আমাদের সময়

তারিখ 23 DEC 2017
পৃষ্ঠা ১১ কলাম ৬

# নাটোরে প্রশ্নফাঁস রোধে সর্বোচ্চ সতর্ক প্রশাসন

আল মামুন, নাটোর ●

নাটোরে প্রথম ও চতুর্থ শ্রেণির বার্ষিক পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনার সব ধরনের পরীক্ষা নিয়ে সতর্ক অবস্থান নিয়েছে স্থানীয় প্রশাসন। বিশেষ করে আজ শনিবার সরকারি বালক ও বালিকা বিদ্যালয়ের তৃতীয় শ্রেণির ভর্তি পরীক্ষার সিন্ডিকেটের দুই শিক্ষককে স্থানীয় প্রশাসনের অনুরোধে বদলি করেছে শিক্ষা অধিদপ্তর। এ ছাড়া বিদ্যালয় দুটির ভর্তি পরীক্ষার প্রশ্ন তৈরি থেকে বিতরণ ও খাতা দেখা পর্যন্ত দায়িত্ব পালন করবেন জেলা প্রশাসনের কর্মকর্তারা। অন্যদিকে প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় গঠিত তদন্ত কমিটির রিপোর্ট আগামী সোমবার প্রদান করার সম্ভাবনা রয়েছে।

## দুই শিক্ষক বদলি

জেলা প্রশাসন সূত্র জানায়, গত ১৮ ডিসেম্বর সদর উপজেলা আগদিঘা প্রাথমিক বিদ্যালয়ের প্রথম ও চতুর্থ শ্রেণির গণিত পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের পর আজ শনিবার সরকারি দুটি বিদ্যালয়ে ভর্তি পরীক্ষা নিয়ে সর্বোচ্চ সতর্ক অবস্থান নেন স্থানীয় জেলা প্রশাসক শাহিনা খাতুন। প্রশ্নপত্র ফাঁসের ঘটনার পর তিনি আগামীতে সব পরীক্ষার প্রশ্নপত্র যাতে ফাঁস না হয়, সে ব্যাপারে সর্বোচ্চ সতর্ক থাকতে জেলা প্রশাসন, উপজেলা প্রশাসন, প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাদের নির্দেশ দেন। পাশাপাশি সরকারি বালক ও বালিকা বিদ্যালয়ে ভর্তি পরীক্ষা সামনে রেখে সিন্ডিকেট ও কোচিংবাণিজ্যের সঙ্গে জড়িত শিক্ষকদের বিষয়ে তদন্ত করান জেলা প্রশাসক। এ ছাড়া দুটি সরকারি বিদ্যালয়ের ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র তৈরি করান নির্বাহী ম্যাজিস্ট্রেটদের দিয়ে। পাশাপাশি খাতা দেখারও দায়িত্ব পালন করবেন নির্বাহী ম্যাজিস্ট্রেটরা।